



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : বাড়ী নং-০৩, রোড নং- ই/১, ব্লক-সি শাহজালাল উপশহর, সিলেট-৩১০০

স্মারক নং : সিশিবো/বিদ্যা/সিল- ৪২/১২২১

তারিখ : ১৯/০৭/১৪১৬ বাং  
০৩/১১/২০০৯ খ্রিঃ


বিষয় : শ্রেণী শাখা বহাল রাখার পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সিলেট জেলার দক্ষিণ সুরমা উপজেলাধীন হাজী রাশীদ আলী উচ্চ বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণী হতে ৮ম শ্রেণী পর্যন্ত 'খ' শাখা নামে ০৩ টি অতিরিক্ত শ্রেণী শাখা বহাল রাখার যথার্থতা যাচাইয়ের লক্ষ্যে সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রতিবেদন সদয় পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ ১। প্রতিবেদন-০২ পাতা।

২। সর্বোচ্চ সংখ্যক শিক্ষক এম, পি , ও ভুক্তির কপি-০১ পাতা।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

  
(মোঃ আব্দুল মান্নান খান)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট।  
RAK  
০৩/১১/০৯

প্রাপক : মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।

অনুলিপিঃ

১. জেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট।
২. প্রধান শিক্ষক, হাজী রাশীদ আলী উচ্চ বিদ্যালয়, দক্ষিণ সুরমা, সিলেট।
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : বাড়ী নং-০৩, রোড নং- ই/১, ব্লক-সি শাহজালাল উপশহর, সিলেট-৩১০০

## পরিদর্শন প্রতিবেদন

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : হাজী রাশীদ আলী উচ্চ বিদ্যালয়

ডাকঘর : কামাল বাজার, উপজেলাঃ দক্ষিণ সুরমা  
জেলাঃ সিলেট।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং শিম/শা-১১/৩(১০)/৯৯/২১৩ তারিখঃ ১০/০২/২০০৫।

সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে বিদ্যমান শাখার সম্ভাব্যতা যাচাইয়ের লক্ষ্যে বিগত ০৬/১০/২০০৯খ্রিঃ তারিখে সরেজমিনে বিদ্যালয়টি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য ও প্রধান শিক্ষক কর্তৃক জমাকৃত কাগজ-পত্র পর্যালোচনায় প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপঃ

- প্রতিষ্ঠার সন : ০১/০১/১৯৭১ খ্রিঃ মাধ্যমিক বিদ্যালয় হিসেবে স্বীকৃতি প্রাপ্তির তারিখ : জানুয়ারী, ১৯৭৬ খ্রিঃ
- বর্তমান স্বীকৃতির মেয়াদ : ৩১/১২/২০১১ খ্রিঃ পর্যন্ত কমিটির ধরণ : এডহক কমিটি
- প্রচলিত কোর্স : মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা কমিটির মেয়াদ : ২৮/০১/২০১০
- শ্রেণী ভিত্তিক শিক্ষার্থীর বিবরণী :

শ্রেণী	শাখা	ছাত্র	ছাত্রী	মোট শিক্ষার্থী	উপস্থিত শিক্ষার্থী	মন্তব্য
ষষ্ঠ	ক	৬৭	--	৬৭	৪৩	সর্বোচ্চ সংখ্যক শিক্ষক এম, পি, ও ভুক্তির কপি সংযুক্ত
	খ	--	১০০	১০০	৭২	
৭ম	ক	৭৪	--	৭৪	৪৩	
	খ	--	৭৮	৭৮	৪৪	
অষ্টম	ক	৬৫	--	৬৫	৩৮	
	খ	--	৮৮	৮৮	৫৮	
নবম	--	৪৬	৫৬	১০২	৬২	
দশম	--	৩১	৩৬	৬৭	৪০	
সর্বমোট		২৮৩	৩৫৮	৬৪১	৪০০	

৫. এস,এস,সি পরীক্ষার ফলাফল বিবরণী :

পরীক্ষার সন	মোট পরীক্ষার্থী	পাশের সংখ্যা	পাশের হার
২০০৭	৩৯	২০	৫১.২৮%
২০০৮	৪০	২৫	৬২.৫%
২০০৯	৫৯	৫৭	৯৬.৬১%

- শিক্ষক : ১৫ জন, শিক্ষিকা : ০৩ জন, কর্মচারী : ০৪ জন, এম পি ও ভুক্ত শিক্ষক-শিক্ষয়িত্রী-১১ জন
- বিদ্যালয়ের জমির তথ্য : ১.৭১ একর
- বিদ্যালয়ের আর্থিক স্থিতি : (ক) সংরক্ষিত : ২৫,২০,৫০৪/- (খ) সাধারণ তহবিল : ১,০২,০১২/-
- বিদ্যালয়ের গৃহের বিবরণ : ০৪ টি ( ০৮ টি টিনশেড, অন্যটি বিল্ডিং)

কক্ষ

: প্রশাসনিক কক্ষ-০২টি, শ্রেণীকক্ষ- ১০ টি (সর্বমোট ক্ষেত্রফল-৪৬০০ বর্গফুট),

কম্পিউটার ল্যাব-০১টি, গ্রন্থাগার-০১টি (বইয়ের সংখ্যা ১৪২৩টি), বিজ্ঞানাগার- ০১

টি, শিক্ষক মিলনায়তন-০১ টি, নামাজের কক্ষ -০১ টি , স্টোররুম- ০১টি, অন্যান্য

কক্ষ-০১টি।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

পাতা-০২

১১. টিউবওয়েল : মোট ০১ টি (মোটর চালিত পানি সরবরাহ)
১২. টয়লেট : মোট ০৮ টি ( শিক্ষকদের ০৩ টি, শিক্ষার্থীদের ০৫টি)
১৩. আসবাব পত্র : ডেস্ক ১৪৯ টি, বেঞ্চ ১৪৯টি, চেয়ার-৫৭ টি, টেবিল -১৮টি, কাঠের আলমারী ০২ টি, স্টীলের আলমারী-০৪ টি।
১৪. কম্পিউটার : ০৪টি।
১৫. খেলার মাঠ আছে।
১৫. বিদ্যুৎ সংযোগ আছে।
১৬. স্কাউট দল ও গার্লস ইন স্কাউট দল আছে।
১৭. বিভিন্ন পর্যায়ে খেলাধুলা ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশ গ্রহন করে সাফল্য আনয়ন করে থাকে।

মন্তব্যঃ বিদ্যালয়টি সিলেট জেলার দক্ষিণ সুরমা উপজেলার গ্রামীণ জনপদে অবস্থিত। প্রতিষ্ঠানটিতে পাঠদান কার্যক্রম পরিচালনার প্রয়োজন অনুযায়ী শিক্ষা বাস্তু পরিবেশ, পর্যাপ্ত শ্রেণী কক্ষ ও আসবাবপত্র বিদ্যমান আছে। পাঠদানের জন্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ ব্যবহার করা হয়। মাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক। বিদ্যালয়ে বিদ্যুৎ সংযোগ রয়েছে। শ্রেণী কক্ষে প্রয়োজন অনুযায়ী সিলিং ফ্যান ও বৈদ্যুতিক বাস্তু আছে। বিদ্যালয়ে সংরক্ষিত ২০০০ সালের শিক্ষক এম.পি.ও. ভূক্তির তালিকা থেকে দেখা যায় যে, উক্ত বিদ্যালয়ে এম.পি.ও.ভূক্ত শিক্ষক ছিলেন ১৩ জন। শিক্ষকদের অবসর গ্রহণের কারণে বর্তমানে উক্ত বিদ্যালয়ে ১১ জন এম. পি.ও ভূক্ত শিক্ষক রয়েছেন। বিদ্যালয়ে সংরক্ষিত আনুষ্ঠানিক কাগজপত্র পর্যালোচনায়ও ৬ষ্ঠ শ্রেণী হতে ৮ম শ্রেণী পর্যন্ত 'খ' শাখা বিদ্যমান রয়েছে মর্মে প্রমাণ পাওয়া যায়। শিক্ষার্থীর সংখ্যা অত্যধিক হওয়ায় এবং শ্রেণী শাখা বহাল রাখার অনুমতি না থাকায় খন্ডকালীন শিক্ষক নিয়োগ করে শাখাগুলোর পাঠদান কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। শিক্ষার মান উন্নয়নের স্বার্থে ৬ষ্ঠ শ্রেণী হতে ৮ম শ্রেণী পর্যন্ত 'খ' শাখা (মোট ০৩ টি শাখা) বহাল রাখার প্রয়োজনীয়তা রয়েছে।

সুপারিশ : যেহেতু বিদ্যালয়টিতে প্রয়োজনীয় ভৌত অবকাঠামো এবং শিক্ষার্থী রয়েছে তাই নিবিড়ভাবে পাঠদান কার্যক্রম পরিচালনা এবং শিক্ষার মান উন্নয়নের স্বার্থে ৬ষ্ঠ শ্রেণী হতে ৮ম শ্রেণী পর্যন্ত 'খ' শাখা নামে ০৩টি অতিরিক্ত শ্রেণী শাখা বহাল রাখার অনুমতি প্রদান করা যেতে পারে।

(মোঃ আব্দুল মান্নান খান)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট।  
০৬/০৩/০৭